কুষ্টিয়ায় জাতীয় সমাজসেবা দিবস পালিত

ক্ষুধা ও দারিদ্র মুক্ত সমাজ বিনির্মাণে, সেবা ও সুযোগ প্রান্তজনে প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়ায় জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে গতকাল শনিবার সকালে জেলা সমাজসেবা অধিদপ্তরের কার্যালয়ের সামনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

এ সময় তিনি বলেন, জাতির পিতার দেখানো পথ অনুসরণ করে বর্তমান সরকার দেশের দরিদ্র ও পিছিয়ে পড়া মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।

সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তারা তৃণমূল পর্যন্ত জড়িত রয়েছে উল্লেখ করে তিনি আরও বলেন,‘বাংলাদেশের উন্নতি তখনই হবে যখন সর্বস্তরের মানুষ নিজের পায়ে দাঁড়াতে পারবে। সেই লক্ষ্যে কাজ করে যাচ্ছে সরকার।’

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক রোখসানা পারভিনের সভাপতিত্বে এ সময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আহমেদ সাদাত, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মুরাদ হোসেন, শহর সমাজসেবা অফিসার জহিরুল ইসলাম, সদর উপজেলা সমাজসেবা অফিসার আবু রায়হান প্রমুখ।

অনুষ্ঠান শেষে ১৫ জন ক্যান্সার ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত রোগীর মাঝে প্রত্যেককে ৫০ হাজার টাকার চেক, ৫ জন প্রতিবন্ধীকে হুইলচেয়ার, ব্রেইল শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ, হাসপাতাল সমাজসেবার অধিনে রোগীর ঔষধপথ্য ও অস্বচ্ছল জনগণ ও প্রতিবন্ধীদের মধ্যে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ, বয়ষ্ক এবং বিধবা ভাতার কার্ডসহ প্রতিবন্ধীদের বিভিন্ন সহায়তা বিতরণ করা হয়।

বিতরণ শেষে কুষ্টিয়া সরকারি শিশু পরিবার (বালিকা)’র শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে বৃদ্ধাদের সম্মাননা প্রদান

কুষ্টিয়ায় মৌবনের উদ্যোগে বৃদ্ধাদের সম্মাননা জানানো হয়েছে।

গতকাল শনিবার দুপুরে মৌবনের ২১তম প্রতিষ্ঠা বার্ষিকীতে মৌবন আঙ্গিনায় এক অনুষ্ঠানে ১১জন প্রবীণের হাতে কম্বল, চাদর, মাস্ক ও মিষ্টান্নর পাশাপাশি নগদ অর্থ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মো: মুরাদ হোসেন।

এসময় তিনি বলেন, আজকের এই অনুষ্ঠানে এসে আমার অনেক ভালো লাগছে। যারা বয়স্ক ভাতা কিংবা বিধবা ভাতার কার্ডের আওতায় আসেনি। তাদের জন্য প্রতিমাসে একটা আর্থিক অনুদান দিয়ে মৌবন কর্তৃপক্ষ যে মহত্ব দেখিয়েছে সত্যি সেটি প্রশসংনীয়।

তিনি বলেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী, সমাজের অসহায় মানুষের পাশে দাঁড়াতে বর্তমান সরকার বদ্ধপরিকর। এরপরেও সামাজিক দায়বদ্ধতা থেকে সমাজের বিত্তশালীদের এগিয়ে আসা উচিৎ। মৌবন কর্তৃপক্ষ যেভাবে অসহায় মানুষের পাশে দাঁড়ায় এভাবে আরও অন্যদেরও এগিয়ে আসার জন্য আহবান জানান তিনি।

এসময় মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, মৌবনের কর্মকর্তা আশিকুজ্জামান রনিসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, মৌবন শুধু ব্যবসায় নয় মানবসেবার মতো বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত রয়েছে দীর্ঘদিন ধরে। কুষ্টিয়া শহরের হাউজিং এলাকায় একটি মহিলা মাদ্রাসা পরিচালনা করা হয়। সেখানে কোরআন শিক্ষা থেকে শুরু করে শিশুদের হাতের লেখা, চিত্রাঙ্কন শেখানোর ব্যবস্থা রয়েছে বিনামূল্যে।

এছাড়াও প্রতিমাসে ১১জন বয়স্ক ব্যক্তি কে সম্মানী ভাতা প্রদান করে থাকে। বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে গরিব মেধাবী শিক্ষার্থীদের প্রতিনিয়ত সহায়তা হিসেবে তাদের আর্থিক সহযোগিতা

এমনকি পড়ালেখা শেষ অবধি পর্যন্ত সহযোগিতা প্রদান করে আসছে।

কুষ্টিয়ায় এতিম শিশুদের মাঝে খাবার বিতরণ র্যাবের

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কুষ্টিয়ায় এতিম শিক্ষার্থীদের মাঝে খাবার বিতরণ করেছে র্যাব-১২।

গতকাল শনিবার দুপুরে শহরের মারকাজ মসজিদে উলুমি দ্বীনিয়া মাদ্রাসার এতিম শিক্ষার্থীদের হাতে খাবার তুলে দেন র্যাব-১২ কুষ্টিয়া সিপিসি-১, কোম্পানী কমান্ডার মেজর গাফফারুজ্জামানসহ র্যাব সদস্যবৃন্দরা।

খাবার বিতরণ শেষে র্যাব-১২ কোম্পানী কমান্ডার মেজর গাফফারুজ্জামান জানান, মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আজ থেকে শহরে র্যাব সেবা সপ্তাহ ও এতিম শিক্ষার্থীদের মধ্যে খাবার বিতরণ শুরু হয়েছে।

এ কর্মসূচির আওতায় বিশেষ দোয়া মাহফিল ছাড়াও রয়েছে এতিম শিশুদের মাঝে খাদ্য বিতরণ, বৃক্ষরোপণ, রক্তদান কর্মসূচি, শীতবস্ত্র বিতরণ, দুস্থদের মাঝে খাদ্য বিতরণ এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা প্রদান। ৭ জানুয়ারি পর্যন্ত এই কার্যক্রম চলমান থাকবে বলে তিনি জানান।

কুষ্টিয়ার বীজ বাদাম চাষে

কৃষকদের মুখে হাসি

কুষ্টিয়ার দৌলতপুরে বীজ বাদাম চাষে কৃষকদের মুখে হাসি ও ব্যাপক সাফল্য পেয়েছেন কৃষকরা। ইতিমধ্যে অর্থকরী সোনালী ফসল এ বীজ বাদাম ক্ষেত থেকে উত্তোলন করে চাষীদের অনেকে ঘরে তুলেছেন আবার কেউ বীজ বাদাম রৌদ্রে শুকাতে ব্যস্ত রয়েছেন।

খরচের পাঁচগুন লাভ হওয়ায় বীজ বাদাম চাষ করে চাষীদের একদিকে যেমন সংসারের স্বচ্ছলতা ফিরেছে, অপরদিকে তারা হচ্ছেন আর্থিকভাবে স্বাবলম্বী।

দৌলতপুরসহ জেলায় আগামী মৌসুমে বাদাম চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৯৪০ হেক্টর জমিতে। এরমধ্যে দৌলতপুরের লক্ষ্যমাত্রা রয়েছে ৭৫৫ হেক্টর জমি। আর বাদাম চাষের লক্ষ্য অর্জনে বর্তমান মৌসুমে বীজ বাদাম চাষ করা হয়েছে ৪৩৮ হেক্টর জমিতে।

অতিবৃষ্টি ও প্রতিকুল আবহাওয়ার কারনে বীজ বাদামের ফলন কিছুটা কম হলেও দাম বেশী হওয়ায় তা পুসিয়ে নিচ্ছেন চাষীরা। বিঘা প্রতি বীজ বাদাম চাষে চাষীদের খরচ হয়েছে চার থেকে পাঁচ হাজার টাকা। বিঘা প্রতি নূন্যতম পাঁচ মন হারে ফলন হওয়ায় বীজ বাদামের বর্তমান বাজার পাঁচ হাজার টাকা মন হিসেবে খরচের পাঁচগুন লাভের মুখ দেখছেন চাষীরা। এতে তারা চরম খুশি।

দৌলতপুরের ময়রামপুর গ্রামের বীজ বাদাম চাষী সামেদুল ইসলাম ও খুরশিদ আলম জানান, তারা চলতি মৌসুমে বীজ বাদাম চাষ করে ব্যাপক সাফল্য পেয়েছেন। বিঘাপ্রতি মাত্র চার হাজার টাকা খরচ করে তারা খরচের পাঁচগুন আয় করেছেন। এদিকে ক্ষেতের বাদাম উত্তোলন করে বীজ ঝরিয়ে বাদামের গাছ গৃহপালিত পশুর খাদ্য হিসেবেও ব্যবহার হয়ে থাকে। এতেকরে বাদাম চাষীদের বীজ ঝরানোর খরচও সাশ্রয় হয় আবার গবাদি পশুর খাদ্য চাহিদাও পুরণ হয়ে থাকে।

বীজ বাদাম চাষে সরকারী প্রনোদনা ও পরামর্শ দিয়ে চাষীদের সার্বিক সহযোগিতার কথা জানিয়েছেন দৌলতপুর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. নূরুল ইসলাম। বছরের আর্থিক চাহিদা পুরণে চাষীদের স্বপ্লকালীন সময়ের জন্য বীজ বাদাম চাষ হতে পারে অর্থ নির্ভরতার অন্যতম সহায়ক। সেক্ষেত্রে বীজ বাদাম চাষে চাষীদের উদ্বুদ্ধ করতে কৃষি বিভাগকে এগিয়ে আসার আহ্বান সংশ্লিষ্টদের।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন

“জাতির পিতার সম্মন রাখবো মোরা অম্লান”- এই শ্লোগানকে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাস্কর্য ভাংচুর ও অবমূল্যায়নের প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র কুষ্টিয়া জেলায় কর্মকর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বঙ্গবন্ধু পরিষদ এর আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে এগারোটায় শহরের শাপলা চত্বর বঙ্গবন্ধুর ভাস্কর্যের সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে বিএডিসি’র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ও বিএডিসি কুষ্টিয়ার যুগ্মপরিচালক (সার) কৃষিবিদ মোঃ সেলিম হায়দাদের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন বিএডিসি কুষ্টিয়ার (সার) উপসহকারী পরিচালক মুহাম্মদ মাহবুব আলম, উপ-পরিচালক (বীজ) আবু জাফর মোঃ নেয়ামত উল্লাহ, বিএনডিসি (সেচ)’র নির্বাহী প্রকৌশলী মোঃ নুরুল ইসলাম প্রমুখ।

খোকসায় নৌকার তারিকুলের বিজয়

কুষ্টিয়ার খোকসা পৌরসভা নির্বাচনে আবারো আওয়ামী লীগের প্রার্থী তারিকুল ইসলাম নির্বাচিত হয়েছে।

ভোটগ্রহণ শেষে বেসরকারি ভাবে তিনি নির্বাচিত হয়েছেন।

তিনি পেয়েছেন ৯ হাজার ৩৭২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির প্রার্থী নাফিজ আহম্মেদ খান রাজু পেয়েছেন ১ হাজার ৫৮৩ ভোট।

পৌরসভার ৯টি কেন্দ্রে মোট ভোটার সংখ্যা ছিল ১৪ হাজার ৯৪০।

কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে গতকাল সোমবার সকাল আটটায় শুরু হওয়া এ নির্বাচন কোন ধরণের অপ্রীতিকর ঘটনা ছাড়াই শেষ হয়।

প্রথম বারের মতো ইলেকট্রনিক ভোটিং মেশিনে নির্বাচন হওয়ায় ভোটারদের মধ্যে বাড়তি উৎসাহ দেখা যায়। সকাল থেকে শেষ অবদি কেন্দ্রগুলোতে ভোটারদের উপস্থিতি চখে পড়ার মত। তবে বিএনপি প্রার্থীর এজেন্ট তুলনামূলক কম ছিল।

সহকারী রিটার্নিং কর্মকর্তা আব আনছার জানান, ভোটের নিরাপত্ত্বায় কেন্দ্রগুলোতে পুলিশ আর আনছারের অবস্থানের পাশাপাশি স্ট্রাইকিং ফোর্স হিসেবে গোয়েন্দা পুলিশ, র্যাব ও বিজিবির টহল ছিল।

নির্বাহী ম্যাজিস্ট্রেটেদের নেতৃত্বে কয়েকটি মোবাইল টিম কাজ করেছে। দুই মেয়র প্রার্থী ছাড়াও ৯ ওয়ার্ডে ৩১ জন কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা কাউন্সিলের ৩ পদে ১০ জন মহিলা প্রতিদ্বন্দ্বিতা করেন।

খোকসা পৌরসভার ভোট গ্রহণ শুরু

কুষ্টিয়া খোকসা পৌরসভা নির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। আজ সকাল ৮ টায় পৌরসভার নয়টি ভোটকেন্দ্রে একযোগে এ ভোট গ্রহণ শুরু হয়।

এবার প্রথমবারের মতো এ পৌরসভায় ইলেকট্রনিক ভোটিং মেশিন বা ইভিএম পদ্ধতিতে ভোট দিচ্ছেন ভোটাররা। সকালে পৌর ভবন সহ বেশ কয়েকটি কেন্দ্রে ঘুরে ভোটারদের উপস্থিতি লক্ষ্য করা গেছে।

তবে ভোটকেন্দ্রগুলোতে পুরুষ ভোটারের তুলনায় নারী ভোটারের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে এ ভোট গ্রহণ শুরু হলেও ভোট কেন্দ্রগুলো ঘুরে বেশিরভাগ কেন্দ্রে বিএনপি মনোনীত প্রার্থীর এজেন্ট খুঁজে পাওয়া যায়নি।

খোকসা পৌরসভা নির্বাচনে এবার মেয়র পদে দুইজন প্রার্থী নির্বাচনে অংশ নিচ্ছেন। এরা হলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী তারিকুল ইসলাম এবং বিএনপি মনোনীত প্রার্থী রাজু আহমেদ।

এছাড়া এ পৌরসভার কাউন্সিলর পদে ৩১ জন এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ পৌরসভার মোট ভোটার সংখ্যা ১৪ হাজার ৯৪০ জন।

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে চরমপন্থী সংগঠনের সদস্য আটক

কুষ্টিয়ায় অভিযান চালিয়ে অস্ত্রগুলিসহ রাশিদুল ইসলাম (৪৫) নামের এক চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্যকে আটক করেছে র্যাব সদস্যরা।

রবিবার রাতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর এলাকা থেকে তাকে আটক করা হয়।

এসময় ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া ও ৪ টি ঢাল উদ্ধার করা হয়।

আটককৃত রাশিদুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামের মৃত তোরাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-১ এর কোম্পানী কমান্ডার মেজর গাফ্ফারুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া সদর উপজেলার কাঞ্চনপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামে অভিযান চালিয়ে চরমপন্থী সংগঠন গনমুক্তি ফৌজের সদস্য রাশিদুল ইসলামকে ১ টি বন্দুক, ১ টি পিস্তল,১৭ রাউন্ড গুলি, ৪ টি হাসুয়া, ৪ টি ঢাল সহ আটক করা হয়েছে।

তার বিরুদ্ধে এলাকায় হত্যা, গুম, চাদাবাজি, অপহরন, নারী লুষ্ঠন সহ বিভিন্ন ধরনের অপকর্ম সহ তার বিরুদ্ধে ৫ টি হত্যা মামলা ও ১ টি সাধারন ডায়েরী রয়েছে।

তার বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় প্রার্থীর প্রচারণায় কাউন্সিলরের সমর্থকদের হামলা, নিহত ১

কুষ্টিয়ায় পৌরনির্বাচনকে কেন্দ্র করে শহরের ১৩ নং ওয়ার্ডের বর্তমান কাউন্সিলর রবিউল ইসলাম রবি ও তার সমর্থকদের হামলায় প্রতিপক্ষের একজন নিহত ও কমপক্ষে পাঁচজন আহত হয়েছেন। আহতদের মধ্যে দুইজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, শুক্রবার (২৫ ডিসেম্বর) রাত ১০টার দিকে ১৩নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী মাহবুবর রহমান পাখি, তার ভাই আওয়ামী লীগ নেতা রমজান ও সমর্থক সোহেল সরকারসহ অন্যরা ত্রিমোহনী বটতলা মোড়ে নির্বাচনী প্রচারণা চালানোর সময় বর্তমান কাউন্সিলর ও প্রার্থী রবিউল ইসলাম রবি দলবল নিয়ে অচমকা পাখি ও তার ভাইয়ের ওপর হামলা চালায়।

এ সময় সোহেল বাঁধা দিলে তাকে ধাক্কা দিয়ে ফেলে দেয় রবি ও তার লোকজন। ধাক্কায় মাটিতে পড়ে অসুস্থ হয়ে পড়েন সোহেল। হাসপাতালে নেয়ার পর তিনি মারা যান। এদিকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি রয়েছে পাখির ভাই মাজহারুল ইসলাম রমজান ও মোস্তাফিজুর রহমান।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম বিষয়টি নিশ্চিত করে বলেন, রাতে দুই প্রার্থীর মধ্যে সংঘর্ষের সময় হৃদরোগে আক্রান্ত হয়ে একজন মারা গেছেন। এ ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছেন। মামলা করা হচ্ছে। সকলকে আইনের আওতায় আনা হবে।

কুষ্টিয়ায় রেণউইক যজ্ঞেশ্বরে ৩২ তম বার্ষিক সাধারন সভা

রেণউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিমিটেড এর ৩২ তম বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার কুষ্টিয়া রেণউইক যজ্ঞেশ^রে পার্ক মাঠে সকাল ১১ টা থেকে সভা চলে বিকেল ৪ টা পর্যন্ত।

অনুষ্ঠানে কর্পোরেশন ডিরেক্টর উৎপাদন ও প্রকৌশলী এনায়েত হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের চেয়ারম্যান সনৎ কুমার শাহা।

সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কর্পোরেশনের ইনডিপেন্ডেন্ট ডায়রেক্টর আলী হায়দার, রেণউইক যজ্ঞেশ^র অ্যান্ড কোং (বিডি) কোম্পানি সচিব জীবন নাহার, রেণউইক যজ্ঞেশ^র অ্যান্ড কোং (বিডি) ব্যবস্থাপনা পরিচালক আল ওয়াদুদ আমীন।

এছাড়া উপস্থিত ছিলেন রেণউইক যজ্ঞেশ^র অ্যান্ড কোং (বিডি) জি এম প্রশাসন শরীফুল ইসলাম, শেয়ার হোল্ডার তৌহিদুল ইসলাম, আব্দুল মালেক, কুষ্টিয়া রেণউইক যজ্ঞেশ^র সিবিএ সভাপতি রিপন হোসেন, সাধারন সম্পাদক জাফর ইকবাল, যুগ্ন সাধারন সম্পাদক শাফিকুর রহমান সহ সিবিএ নেতাকর্মীরা।

এদিকে ৬ মাসের বেতন বকেয়া নিয়ে দুশ্চিন্তায় কর্মকর্তা কর্মচারিরা।